গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

বিষয়: সামাজিক নিরাপত্তা সংক্রান্ত থিমেটিক ক্লাস্টারের সভায় জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত খসড়া কর্ম-পরিকল্পনা পর্যালোচনার বিষয়ে খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতি : সচিব, খাদ্য মন্ত্রণালয়
সভার তারিখ : ০৫/০৯/২০১৯ খ্রি:
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি মোতাবেক সকলকে আলোচনায় অংশ গ্রহণের আহ্বান জানান। সভাপতি আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করার জন্য উপসচিব (সরবরাহ-১)-কে অনুরোধ করেন। উপসচিব (সরবরাহ-১) সভাকে অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা সংক্রান্ত থিমেটিক ক্লাস্টারের সভায় জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত খসড়া কর্ম-পরিকল্পনা পর্যালোচনার বিষয়ে খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটির ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য আালোচ্যসূচীর বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। জেলেদের মাছ ধরা নিষিদ্ধকালীন সময়ে সহযোগীতা।	১। উপসচিব (সরবরাহ) সভাকে অবহিত করেন ২০ মে/২০১৯ হতে ১৯ জুন/ ২০১৯ পর্যন্ত ৩০ দিনের জন্য সুমদ্রে মৎস্য আহরণ নিষিদ্ধকালে ১২ টি জেলার ৪২ টি উপজেলার ৪,১৪,৭৮৪ টি নিবন্ধিত জেলে পরিবারকে মাসিক ৪০ কেজি হারে খাদ্য সহায়তা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদান করা হয়েছে।	১। পরবর্তীতে এ ব্যয় মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের বাজেট হতে নির্বাহ করা হবে।	১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ২। মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়।

২। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে খাদ্য সরবরাহের পরিবর্তে নগদ সহায়তা প্রদান।	২। অতিরিক্ত সচিব (সং ও সঃ) সভায় জানান, গত সভার সিদ্ধান্ত ছিল যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে খাদ্য সরবরাহের পরিবর্তে নগদ সহায়তা প্রদান করা যায় কি না এ বিষয়ে পরবর্তী সভার পূর্বে খাদ্য মন্ত্রণালয় একটি কর্মশালার আয়োজন করবে। উক্ত কর্মশালায় খাদ্য অধিদপ্তর, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টরা অংশ্রগ্রহণ করবেন। ৩য় সভা হতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হলেও এখনো তা বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। কেবিনেটের প্রতিনিধি বলেন, সামাজিক নিরাপত্তা কৌশলের রিফর্ম পদ্ধতিতে ১ টি প্রস্তাব আছে যে সকল কর্মসূচিকে ক্যাশ বেইসড করা যায় কিনা। ক্যাশ বেইসড হলে স্বচ্ছলতা আসবে। একারণেই কর্মশালাটির আয়োজন করা জরুরী। সভাপতি বলেন, জরুরী ভিত্তিতে কর্মশালাটির আয়োজন করা প্রয়োজন।	২। সংশ্লিষ্ট সকলকে নিয়ে কর্মশালার আয়োজন করা হবে।	২। খাদ্য মন্ত্রণালয়
৩। খাদ্য মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসাবে সকল সদস্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ।	৩। "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার" এর অন্তর্ভুক্ত মন্ত্রণালয়সমূহ কর্তৃক স্ব স্ব মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কৌশলের কর্ম-পরিকল্পনার অগ্রগতি লীড মন্ত্রণালয় হিসাবে খাদ্য মন্ত্রণালয়কে অবহিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উপসচিব (সরবরাহ) বলেন সামাজিক নিরাপত্তা কৌশলের কর্ম-পরিকল্পনার অগ্রগতি জানানোর জন্য সকল সদস্য মন্ত্রণালয়সমূহকে পত্র দেয়া হয়েছে। কিন্তু অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে যথাসময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন এবং টেলিফোনে যোগাযোগের মাধ্যমে প্রতিবেদন আনার চেষ্টা গ্রহণ করতে বলেন।	৩। পুণরায় পত্র প্রেরণ করা হবে।	৩। খাদ্য মন্ত্রণালয়

৪।আধুনিক পারিবারিক সাইলো।	৪। আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের মাধ্যমে যে সকল পরিবার সাইক্লোন বা বন্যা কবলিত এলাকায় বসবাস করে এরুপ দরিদ্র জনগোষ্ঠির খাদ্য সংরক্ষণের সুবিধার্থে পারিবারিক সাইলো বিতরণের কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত সভার এই কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভায় প্রকাশ করা হয়। দেশের দুর্যোগ প্রবণ এলাকার ১৯ টি জেলার ৬৩ টি উপজেলায় ৫ লক্ষ দরিদ্র পরিবারের মধ্যে মাত্র ৮০ টাকা মূল্যে পারিবারিক সাইলো বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আগস্ট মাস পর্যন্ত ১৭ জেলার ৫৫ টি উপজেলায় ৪,১৪,০৫৬টি পারিবারিক সাইলো বিতরণ করা হয়েছে। জুন ২০২০ এর মধ্যে পর্যায়ক্রমে ৫ লক্ষ পারিবারিক সাইলো বিতরণ করা হবে। সভায় এই কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়।	৪। সুষ্ঠুভাবে আধুনিক পারিবারিক সাইলো বিতরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে।	৪। ডেপুটি চীফ, পরিকল্পনা কোষ, খাদ্য মন্ত্রণালয়।
৫। বিবিধঃ	(ক) সভাপতি বলেন, এই ক্লাস্টারের অন্তর্ভূক্ত সকল মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা এবং অগ্রগতি প্রতিবেদনের আলোকে পরবর্তীতে এই সভায় আলোচনা করা হবে। (খ) নিয়মিতভাবে "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টারের সভা অনুষ্ঠিত করার জন্য কমিটির সভাপতি সচিব, খাদ্য মন্ত্রণালয়কে মন্ত্রিপরিষদের প্রতিনিধি ধন্যবাদ জানান।		খাদ্য মন্ত্রণালয়

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-১৬/০৯/২০১৯
(শাহাবুদ্দিন আহমদ)
সচিব
খাদ্য মন্ত্রণালয়

০৪ আশ্বিন, ১৪২৬

নং-১৩.০০.০০০০.০৪৬.৩২.০০১.১১(অ-২).৩৮৪ তারিখ:------------------

১৯ সেপ্টেম্বর, ২০১৯

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃআঃ উপ-সচিব (ত্রাক-১)।

২। সিনিয়র সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব (কার্যক্রম)।

৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম সচিব(বাজেট-১)।

৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃ আঃ যুগ্ম সচিব (উন্নয়ন)।

৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃআঃ যুগ্ম সচিব (আইআইটি-২)।

৬। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ যুগ্ম সচিব (ব্লু-ইকোনমি)।

৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)।

৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (দৃঃ আঃ উপসচিব-(চিকিৎসা)

৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃআঃ যুগ্ম সচিব (পিপিবি)।

১০। অতিঃসচিব(সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর।

১৯/০৯/১৯

(রায়না আহমদ)
উপসচিব (সরবরাহ-১)
ফোন: ৯৫৪৬৫০৪